

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয়  
কৃষি বিপণন অধিদপ্তর  
ঝিনাইদহ।

**ঝিনাইদহ জেলার কালিগঞ্জ উপজেলা পৌরসভা (বড়) বাজারে অংশিজনের সমন্বয়ে অক্টোবর, ২০২৩  
খ্রি: মাসের সভার কার্যবিবরণী:**


সভাপতি : মো: শরিফুল ইসলাম  
জেলা কৃষি বিপণন কর্মকর্তা, ঝিনাইদহ।  
সভার স্থান : কালিগঞ্জ পৌর সভা পাইকারী কাঁচা বাজার, ঝিনাইদহ।  
সভার তারিখ : ১৬-১০-২০২৩ খ্রি:  
সভার সময় : বেলা: ১২.৩০ টা  
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতঃপর সরকার নির্ধারিত ০৩ (তিন) টি কৃষিপণ্য যথাক্রমে আলু, পৈয়াজ ও ডিমের হিমাগার, পাইকারী ও খুচরা ক্রয়-বিক্রয় সংক্রান্ত আলোচনা করা হয়। এছাড়া কৃষি বিপণন আইন, ২০১৮ ও কৃষি বিপণন বিধিমালা, ২০২১ আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র: নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	আলু, পৈয়াজ ও ডিমের বাজার মূল্য স্থিতিশীল, সরকারী নির্দেশনা বাস্তবায়ন	আলুর সরকার নির্ধারিত দাম হিমাগার হতে ২৭-২৮/- টাকা এবং খুচরা পর্যায়ে ৩৫-৩৬/- টাকা মূল্যে ক্রয় বিক্রয় করতে হবে। সকল ব্যবসায়ীগণকে ক্রয়-বিক্রয় সংক্রান্ত প্রমানপত্র/রশিদ বা ভাউচার সংগ্রহ, সংরক্ষণ ও উপস্থাপন করতে হবে। বিক্রিত পণ্যের মূল্য তালিকা বোর্ড জনসাধারণের দৃষ্টি গোচর হয় এমন স্থানে টানানোর ব্যবস্থা নিশ্চিত করতে হবে।	কৃষিপণ্য ব্যবসায়ীগণ, সভাপতি/সাধারণ সম্পাদক কাঁচাবাজার মালিক সমিতি।
২.	কৃষি বিপণন আইন, ২০১৮ সংক্রান্ত কার্যক্রম	কৃষি বিপণন আইন, ২০১৮ ও কৃষি বিপণন বিধিমালা, ২০২১ এর বিধি মোতাবেক ব্যবসাকার্য পরিচালনা করতে হবে। **কৃষিপণ্যের সংকট সৃষ্টি, মজুদধারী থেকে বিরত থাকতে হবে। বিধি মোতাবেক মার্কেট চার্জ, গ্রহণ ও প্রদান করতে হবে। সকল প্রকার কৃষিপণ্য ও কৃষি উপকরণের ক্রয়-বিক্রয় সংক্রান্ত প্রমানপত্র/রশিদ বা ভাউচার সংগ্রহ, সংরক্ষণ ও উপস্থাপন করতে হবে।	কৃষিপণ্য ব্যবসায়ীগণ, সংশ্লিষ্ট পণ্যের বাজার মালিক সমিতির সভাপতি/সাধারণ সম্পাদক, কৃষি বিপণন অধিদপ্তর,
৩.	ব্যবসায়ীগণের আলোচনা ও	সকাল, দুপুর, বিকাল যখন যে সময়, বা যে দামে কৃষিপণ্য ক্রয়-বিক্রয় হয়, সেই দামের ক্রয়-বিক্রয় সংক্রান্ত রশিদ বা ভাউচার সরবরাহ, সংগ্রহ, সংরক্ষণ করতে হবে। এ সকল প্রমানপত্র উপস্থাপন করতে ব্যর্থ	কৃষিপণ্য ব্যবসায়ীগণ, সংশ্লিষ্ট পণ্যের

মতামত সংক্রান্ত	হলে কৃষি বিপণন আইন, ২০১৮ এর বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।  **কৃষকের পণ্যের ন্যায্য মূল্য প্রদান করতে হবে। পণ্যের সরবরাহ স্বাভাবিক রাখতে হবে। যৌক্তিক মূল্য, ওজন ও পরিমাপ সঠিক রাখতে হবে।	বাজার মালিক সমিতির সভাপতি/সাধারণ সম্পাদক, কৃষি বিপণন অধিদপ্তর, ঝিনাইদহ।
--------------------	---	--

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকল ব্যবসায়ীগণকে বিধি মোতাবেক, আস্থা ও নির্ভয়ে ব্যবসা করতে, নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য মাত্রাতিরিক্ত মূল্য বৃদ্ধি থেকে বিরত থাকতে এছাড়া সরবরাহ স্বাভাবিক রাখতে অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
১৬/১০/২৩

মো: শরিফুল ইসলাম  
জেলা কৃষি বিপণন কর্তকর্তা  
কৃষি বিপণন অধিদপ্তর  
ঝিনাইদহ।

স্মারক নং: ১২.০২.৪৪০০.২০৫.০৪.০৪২.২৩-৭৬৫

তারিখ: ৩১ আশ্বিন, ১৪৩০ ব:  
১৬ অক্টোবর, ২০২৩ খ্রি:

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

১। বিভাগীয় উপপরিচালক, (উপসচিব) কৃষি বিপণন অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা।

২। জেলা প্রশাসক, ঝিনাইদহ।

৩। উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ।

৪। সভাপতি/সাধারণ সম্পাদক, কালিগঞ্জ পৌর সভা বাজার, ঝিনাইদহ। ৫। জনাব-----